Date of Publication : 1st April, 2012

*Price : Rs. 2*

VOL-2, Issue 1 *Postal Registration No. : KOL RMS/42/2010-2012*

*For circulation to Subscribers only* RNI No.-WBBIL/2011/38613

# ব্রাহ্ম সম্মিলন বার্তা

## ব্রাহ্ম সম্মিলন সমাজ

১-এ, ডাঃ রাজেন্দ্র রোড, কলকাতা-৭০০ ০২০

**Brahmo Sammilan Barta ❑ Brahmo Sammilan Samaj**

দ্বিতীয় বর্ষ ঃ প্রথম সংখ্যা এপ্রিল ২০১২ চৈত্র - বৈশাখ ১৪১৮ - ১৪১৯

১৪১৯
শুভ নববর্ষে আপনাদের সকলকে
জানাই আমাদের আন্তরিক
প্রীতি ও শুভেচ্ছা
ব্রাহ্ম সম্মিলন সমাজ

—ঃ সূচীপত্র ঃ—

এ মাসের নিবেদন ঃ
স্ত্রী শিক্ষা ও ব্রাহ্ম সমাজ — ১
সোফিয়া ডব্‌সন কলেট — ৩
স্মরণিকা — ৪
সাপ্তাহিক উপাসনা ও স্মরণ — ৪
বিশেষ অনুষ্ঠান — ৪
২০১২ মে মাসের সাপ্তাহিক উপাসনার আংশিক কার্যসূচী — ৫
শোক সংবাদ — ৫
পারিবারিক ও অন্যান্য অনুষ্ঠান — ৫
কৃতজ্ঞতা স্বীকার — ৬
Annual Utsav of Ranchi Brahmo Samaj — ৭
List for Donation — ৭
Form for Member's Directory — ৮

সমাজ কার্যালয়ে যোগাযোগের সময় ঃ
প্রতিদিন সন্ধ্যা ৬-৩০টা থেকে ৮-৩০টা
Telephone No. (033)6450-0915
email :sammilanbarta@gmail.com

## এ মাসের নিবেদন

### স্ত্রী শিক্ষা ও ব্রাহ্ম সমাজ

ভারতে স্ত্রীশিক্ষা প্রবর্তনের ক্ষেত্রে রাজা রামমোহন রায় এবং তাঁর প্রতিষ্ঠিত ব্রাহ্মসমাজ অগ্রণী ভূমিকা গ্রহণ করেছিল। রামমোহন ছিলেন উনবিংশ শতকের ভারতে নবযুগের চেতক ও উদ্বোধক।

সাধারণ নারীকে বিদ্যাশিক্ষা বা জ্ঞানোপদেশ দেবার কোনও সংগঠিত ব্যবস্থা সেই সময়ে ছিল না। এমন কি মানবসমাজের অঙ্গরূপেও কোনও স্বীকৃতি ছিল না। হটি বিদ্যালংকার, শ্যামমোহিনী দেবীরা ব্যতিক্রম ছিলেন, যেমন ছিলেন রাজা-বাদশা-নবাব-জমিদার-সদ্বংশজাত অভিজাতকুলের রমনীগণ — রামায়ণ, মহাভারত, কোরাণ, পুরাণ, মঙ্গলকাব্য পড়তে, চিঠিপত্র লিখতে, হিসাব রাখতে শেখা কতিপয় কন্যা ও বধূ। কিন্তু যুগযুগান্তের অজ্ঞানতা, কুসংস্কারকে জয় করে নিজেদের ব্যক্তিসত্তাকে অনুভব করার মত শিক্ষা এদের ছিল না।

নারীজাতির মধ্যে শিক্ষা বিস্তারের জন্য ব্রাহ্মসমাজের সদস্যগণ 'বামাবোধিনী' 'অবলাবান্ধব' প্রভৃতি পত্রপত্রিকা প্রকাশ করে নারীশিক্ষার গুরুত্ব সম্পর্কে সামাজিক সচেতনতা সৃষ্টি করেন। দ্বিজেন্দ্রনাথ ঠাকুর ও স্বর্ণকুমারী দেবী 'ভারতী' এবং বিভিন্ন পত্রিকা প্রকাশ করে এ বিষয়ে গুরুত্বপূর্ণ ভূমিকা গ্রহণ করেছিলেন। ইতিমধ্যে পাঞ্জাবের জলন্ধরে 'স্বকন্যা বিদ্যালয়' প্রতিষ্ঠা করে আর্যসমাজ স্ত্রীশিক্ষা প্রসারে যত্নবান হয়েছিলেন। ১৮৬৩ খৃষ্টাব্দে মহারাষ্ট্রে ডাঃ আত্মারাম পাণ্ডুরঙ্গ প্রার্থনা সমাজ প্রতিষ্ঠা করে 'অসবর্ণ বিবাহ', হিন্দু বিধবাদের পুনর্বিবাহ, অনুন্নত সম্প্রদায় এবং স্ত্রীজাতির সামাজিক মর্য্যাদা বৃদ্ধি বিষয়ে আগ্রহ প্রকাশ করেন। 'ডেকান এডুকেশন সোসাইটি' - ও এ ব্যাপারে বিশেষ অবদান রেখে গেছে।

১৮৭১ খৃষ্টাব্দ থেকে ১৮৮২ খৃষ্টাব্দের মধ্যে ভারতে স্ত্রীশিক্ষার ব্যাপক প্রসার ঘটে। ১৮৭৩ সালে ভারতে বালিকা বিদ্যালয়ের সংখ্যা ছিল মোট ১৬৪০টি। অধিকাংশই ছিল প্রাথমিক বিদ্যালয়। উচ্চ বালিকা বিদ্যালয়ের সংখ্যা বেশি ছিল বাংলায় এবং মাদ্রাজে। তৎকালীন সরকার ঘোষণা করেন যে — বেসরকারি উদ্যোগে কোন বালিকা বিদ্যালয় প্রতিষ্ঠিত হলে সরকার অনুদান দিতে কার্পণ্য করবেন না। কেশবচন্দ্র সেন, রামতনু লাহিড়ী, শিবনাথ শাস্ত্রী প্রমুখ মনীষীগণ অক্লান্ত পরিশ্রম করে ব্রাহ্মসমাজের উদ্যোগে অনেকগুলি বালিকা বিদ্যালয় প্রতিষ্ঠা করেন।

বাংলাদেশে স্ত্রীশিক্ষার প্রসারে পণ্ডিত ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরও বিশেষ ভূমিকা গ্রহণ করেন। তাঁর সহায়তায় বেথুন যে বিদ্যালয় প্রতিষ্ঠা করেন পরে তা বেথুন কলেজে উন্নীত হয়। বিদ্যাসাগর মহাশয় সরকারি সাহয্যের অপেক্ষা না করে সাত মাসে চারটি জেলায় ৩৫টি বালিকা বিদ্যালয় স্থাপন করেন।

বিশ্বকবি বলেছেন 'নারীকে আপন ভাগ্য জয় করিবার কেন নাহি দিবে অধিকার'।

ব্রাহ্ম আন্দোলনের পুরোভাগে যাঁরা ছিলেন তাঁরা এই অধিকারের প্রয়োজনীয়তা সম্যকভাবে উপলব্ধি করেছিলেন, কারণ সমাজের একাংশকে অজ্ঞতার অন্ধকারে রেখে সমাজের উন্নতি বা অগ্রগতি সম্ভব হয় না। উনবিংশ শতাব্দীতে শেষার্ধে স্ত্রীশিক্ষা প্রসারের পথ নির্মাণ হতে শুরু করে। ব্রাহ্ম আন্দোলনের প্রভাব ও বালিকা বিদ্যালয় স্থাপনের দ্বারা স্ত্রীশিক্ষার বিষয়টি ধীরে হলেও সমাজের চেতনায় ক্রমশ জাগরিত হতে থাকে।

ব্রাহ্মসমাজভুক্ত পরিবারের অভিভাবকেরা নারী শিক্ষার ব্যাপারে সচেতন ও সচেষ্ট ছিলেন এবং ব্রাহ্ম সমাজের উদার ভাবনার আলো যে সব পরিবারে প্রবেশ করেছিল তাঁরাও নারীশিক্ষার প্রয়োজনীয়তা উপলব্ধি করেছিলেন। বৃহত্তর সমাজের কন্যারাও কিয়দংশে স্কুলে প্রেরিত হতেন কিন্তু তৎকালীন সামাজিক বিধির কারণে নানা প্রকার সমস্যার সৃষ্টি হত, ফলে শিক্ষার পথে অগ্রসর হওয়া ছিল প্রায় অসম্ভব কার্য্য। এই সময়ে ব্রাহ্ম সমাজের নারীরা শিক্ষাগ্রহণের পর কেউ কেউ কর্মজগতেও যুক্ত হয়েছিলেন। এই প্রসঙ্গে বিশেষভাবে স্মরণীয় ডাঃ কাদম্বিনী গাঙ্গুলী যাঁর সার্ধশতবর্ষ সদ্য অতিক্রান্ত হল। সেই যুগে তাঁর ডাক্তারী পড়ার সুযোগ লাভ এবং যোগ্যতা অনুযায়ী স্বীকৃতিপ্রাপ্তি এই দুইটি পথের কোনটিই মসৃন ছিল না, কিন্তু এসব কিছুই অতিক্রম করে সেই বিশিষ্ট চরিত্রের নারী, নিজেকে প্রতিষ্ঠা করতে পেরেছিলেন এবং আমরণ নিজের পেশার সঙ্গে যুক্ত ছিলেন। উনবিংশ শতাব্দীর আর এক শিক্ষিতা নারীরত্ন অবলা বসু যিনি নারীর শিক্ষা ও উন্নতির জন্য বিশেষভাবে আগ্রহী ছিলেন। যুক্ত ছিলেন ব্রাহ্ম বালিকা শিক্ষালয়ের সঙ্গে এবং মেয়েদের জীবিকা উপযোগী শিক্ষার জন্য প্রতিষ্ঠা করেন নারীশিক্ষাসমিতি ও মহিলা শিক্ষাভবন।

এছাড়াও প্রচারের আলোর বাইরেও বহু শিক্ষাপ্রাপ্তা নারী বিংশশতাব্দীর প্রথমার্ধে নানাভাবে নারী শিক্ষার বিষয়টিকে এগিয়ে নিয়ে যাবার জন্য কাজ করে গেছেন। এইভাবে অচলায়তনের জানলা একটু একটু করে উন্মুক্ত হয়েছে — নারীর শিক্ষা, স্বাধীনতা ও উপার্জনের অধিকার আজ সমাজে তথ্যগতভাবে স্বীকৃত। বিংশ শতাব্দীর প্রথম থেকেই স্ত্রীশিক্ষার দ্রুত প্রসার ঘটে। এই প্রসঙ্গে স্মরণীয় যে শহরাঞ্চলের মধ্যেই অধিকাংশ ক্ষেত্রে স্ত্রীশিক্ষা এবং নারী আন্দোলন সীমাবদ্ধ ছিল। ভারতের গ্রামাঞ্চলে এই শিক্ষার প্রসার ঘটেনি। একবিংশ শতাব্দীতে শিক্ষার প্রসার ঘটলেও এখনও বহু গ্রামাঞ্চল অন্ধকারাচ্ছন্ন, তা আমরা জানি। কুসংস্কারজনিত সহনশীলতার অভাবজনিত মর্মান্তিক ঘটনা, শিক্ষার অভাবে রুচিবোধের অভাব এসবই নারী প্রগতির পথে অন্তরায় হয়ে ওঠে।

জীবন বারবার পরীক্ষিত হয়, নানাভাবে নানা রকমে। কেউ জয়ী হন, কেউ হেরেও যান। বাকিরা ভবিতব্য ভেবে অদৃষ্টকে দায়ী করেন। নববর্ষের প্রাক্কালে তাই আনন্দময় দেবতার কাছে প্রার্থনা করব সমগ্র মানব সমাজে সুস্থ বোধ ও সুন্দর ভাবনার জাগরণ হোক। নারীকে যেন তার যথার্থ স্থান ও যথাযোগ্য মর্যাদা প্রাপ্তি থেকে বঞ্চিত না হতে হয়। আমাদের পূর্বসূরীগণ অনেক বাধা অতিক্রম করে বহু প্রয়াসে চলার পথটি রচনা করেছেন। বর্তমান প্রজন্মের নারীসমাজের তাঁদের অনুগামী হয়ে ওঠার দায়িত্ব থেকে যায়। নিজ নিজ অধিকার প্রতিষ্ঠার সাথে সাথে চলার পথটিকে করে তুলতে হবে আরো

প্রশস্ত ও সুন্দর। 'তব সুধাপরশে' মন হোক যুক্তিবাদী ও উন্নত, জ্ঞান ও বুদ্ধির উজ্জ্বলতায় প্রদীপ্ত — হৃদয় প্রাণ মন যেন হয় সকল রিক্ততা মুক্ত পরম আনন্দে প্লাবিত।

— শ্রীমতী সুতপা রায়চৌধুরী ও শ্রীমতী রেবেকা রক্ষিত

## সোফিয়া ডব্‌সন কলেট

সোফিয়া ডব্‌সন কলেট এক বিদেশিনী যিনি বিশ্বজনীনতার এক অননুকরণীয় দৃষ্টান্ত। ১৮২২ খৃষ্টাব্দে ২রা ফেব্রুয়ারী লণ্ডনে তাঁর জন্ম, ২৭শে মার্চ ১৮৯৪ খ্রীষ্টাব্দে তাঁর মৃত্যু। এই মহিলার ঠাকুর্দার কাকা মাদ্রাজের ফোর্ট সেন্ট জর্জে দু বছরের (১৭১৯ - ২১) জন্য গভর্ণর পদে বৃত ছিলেন এবং তাঁর মামা ইষ্ট ইণ্ডিয়া কম্পানীতে চাকুরীরত ছিলেন। এই ছিল ভারতবর্ষের সঙ্গে তার যোগাযোগের সামান্য সূত্র। কিন্তু তাঁর রচিত রাজা রামমোহন রায়ের জীবনী "The life and letters of Raja Rammohun Roy" এক ঐতিহাসিক দলিল হিসাবে বিশ্ববাসীর কাছে স্বীকৃত।

লণ্ডনের সাউথ প্যালেস চ্যাপেলে দশ বছর বয়সে সোফিয়া প্রথম রামমোহনকে দেখেন। রামমোহনের অসামান্য ব্যাক্তিত্ব ও প্রতিভা সেই অল্প বয়সেই তাঁর মনের গভীরে এক প্রবল ছাপ রেখে যায়। সেই ছাপ এতই প্রবল ছিল যে ইউনিটেরিয়ান চার্চপরিবারের সদস্য হয়েও, রামমোহন রায়ের এক ঈশ্বরের চিন্তাধারা এবং তাঁর মানুষের প্রতি অনন্যসাধারণ সহমর্মিতা সোফিয়াকে উজ্জীবিত করেছিল রামমোহনের জীবনী এবং তাঁর লিখিত বিভিন্ন রচনা, চিঠিপত্র একত্রে গ্রন্থিত করার।

সোফিয়া জন্মসূত্রে শারীরিকভাবে অক্ষম ছিলেন। মেরুদণ্ডে কার্ভেচার থাকার জন্য বিদ্যালয়ে প্রথাগত শিক্ষালাভ করতে পারেন নি। মাসী Miss Mary Barber, এক উচ্চশিক্ষিত সহৃদয় মহিলার কাছে তাঁর শিক্ষালাভ। এই শারীরিক অক্ষমতাকে উপেক্ষা করে এক প্রকৃত গবেষকের মতই রামমোহনের বিভিন্ন রচনার মূল দলিল তিনি সংগ্রহ করেছিলেন। বারো বছরের অনলস পরিশ্রমে সাড়ে তিনশো পাতারও বেশী এই বইটির মূল্য অপরিসীম।

"I am dying. I cannot finish my "Life of Rammohun Roy". But when I enter the unseen, I want to be able to tell Rammohun that his "Life" will be finished. Will you finish if for me?" — was the dying message of Miss Collet to her friend, Rev. F. Herbert Stead. এই রেভঃ হার্বার্ট স্টেড, সোফিয়ার অনুরোধ রক্ষা করে তাঁর অসমাপ্ত কাজ শেষ করেন।

বৃটিশদের মধ্যে তিনিই সর্বপ্রথম ও একমাত্র যিনি ব্রাহ্ম সমাজের প্রতিষ্ঠা ও তার অ্যাচিভ্‌মেন্টের ব্যাপারে সেই সময়ে ব্রিটিশদের অবহিত করেন। "The Daily Telegraph", "British Quarterly Review", "Inquirer", "Unitarian Herald" ইত্যাদি পত্রিকায় নিয়মিতভাবে এ বিষয়ে তিনি লিখতেন। তিনি বাংলা ভাষা শিক্ষা করেন এবং সেই ভাষায় ব্রাহ্ম মহিলা বন্ধুদের সঙ্গে চিঠি পত্র লিখতেন। সেই সময়ে যে সমস্ত ব্রাহ্মরা ইংলণ্ডে যেতেন, তাদের বক্তৃতা দেবার ব্যবস্থা করে দিতেন এবং সেই সব বক্তৃতা প্রকাশের ব্যবস্থাও করতেন। কবিতা আর সঙ্গীত ছিল তাঁর অবসর সময়ের সহযোগী। শুধুমাত্র রামমোহন নয়, কেশবচন্দ্র সেন ও দেবেন্দ্রনাথ ঠাকুর এবং আরো অনেক সেইযুগের পুরোধা ব্রাহ্মদের সম্বন্ধে তিনি এই সব পত্রপত্রিকায় নিয়মিত লিখতেন। সাত বছরের Brahmo Year Book (১৮৭৬ থেকে ১৮৮২), — Keshub Chandra Sen's English Visit; Indian theism and its relation to Chistianity — সোফিয়া ডব্‌সন কলেটের আরো অনেক বইয়ের মধ্যে বিশেষভাবে উল্লেখযোগ্য।

এই পুণ্যপ্রাণ মানুষটির প্রতি অন্তরের শ্রদ্ধা জানিয়ে আমরা ধন্য হই।

— শ্রীঅনিরুদ্ধ রক্ষিত

## —ঃ স্মরণিকা ঃ—

### মরণ সাগর পারে তোমরা অমর তোমাদের স্মরি

| | | |
|---|---|---|
| ২রা এপ্রিল (১৮৯৬) | — | সাংবাদিক-সাহিত্যিক-সমালোচক যোগানন্দ দাসের ১১৬ তম জন্মদিবস। |
| ৮ই এপ্রিল (১৮৯৪) | — | কথা-সাহিত্যিক বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়ের ১১৮ তম জন্মদিবস। |
| ১০ই এপ্রিল (১৮৯৫) | — | সীতা চৌধুরীর (রামানন্দ চ্যাটার্জীর কনিষ্ঠা কন্যা) ১১৭ তম জন্মদিবস। |
| ১৩ই এপ্রিল (১৯২৯) | — | সমাজের একনিষ্ঠ সেবক শিবেন বসুর ৮৩ তম জন্মদিবস। |
| ২৩শে এপ্রিল (১৯৯২) | — | ভারতরত্ন সত্যজিৎ রায়ের ২০ তম তিরোধান দিবস। |
| ২৯শে এপ্রিল (১৮৯৩) | — | শান্তা নাগের (রামানন্দ চ্যাটার্জীর জ্যেষ্ঠা কন্যা) ১১৯ তম জন্মদিবস। |

---

## —ঃ ২০১২ এপ্রিল মাসের সাপ্তাহিক উপাসনা ও স্মরণ ঃ—

| | | | | |
|---|---|---|---|---|
| রবিবার ১লা এপ্রিল ২০১২ | — | আচার্য | - | ডাঃ শুচিতা দেব |
| সন্ধ্যা ৬-৩০ টা | | **স্মরণ** | - | **যোগানন্দ দাস** |
| | | সঙ্গীত | - | শ্রীমতী মানসী চ্যাটার্জী |
| রবিবার ৮ই এপ্রিল ২০১২ | — | আচার্য | - | শ্রীসিদ্ধার্থ ব্রহ্মচারী |
| সন্ধ্যা ৬-৩০ টা | | **স্মরণ** | - | **বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়** |
| | | সঙ্গীত | - | ব্রাহ্ম যুব ও ভক্তজন ও সমবেত ভক্তমণ্ডলী |
| রবিবার ১৫ই এপ্রিল ২০১২ | — | আচার্য | - | শ্রীসঞ্জীব মুখার্জি |
| সন্ধ্যা ৬-৩০ টা | | সঙ্গীত | - | শ্রীমতী রুবী মজুমদার |
| রবিবার ২২শে এপ্রিল ২০১২ | — | আচার্য | - | শ্রীমতী সুতপা রায়চৌধুরী |
| সন্ধ্যা ৬-৩০ টা | | সঙ্গীত | - | শ্রীমতী রেবেকা রক্ষিত ও শ্রীঅনিরুদ্ধ রক্ষিত |
| রবিবার ২৯শে এপ্রিল ২০১২ | — | আচার্য | - | শ্রীমতী রাখী রায়চৌধুরী |
| সন্ধ্যা ৬-৩০ টা | | সঙ্গীত | - | শ্রীমতী সুস্মিতা বসু |

আপনাদের সাদর আমন্ত্রণ জানাই।

---

## —ঃ বিশেষ অনুষ্ঠান ঃ—

| | | |
|---|---|---|
| শুক্রবার ৩১শে চৈত্র, ১৪১৮ | ঃ | বর্ষবিদায় ১৪১৮ |
| ১৩ই এপ্রিল ২০১২ | | প্রার্থনা - শ্রীমতী জয়শ্রী ভট্টাচার্য্য |
| সন্ধ্যা ৬-৩০ টা | | সঙ্গীত - ব্রাহ্ম যুবজন |
| | | গ্রন্থনা ও পরিচালনা শ্রীমতী শুক্লা দাসগুপ্ত |
| শনিবার ১লা বৈশাখ ১৪১৯ | ঃ | নববর্ষ ১৪১৯ আবাহন |
| ১৪ই এপ্রিল ২০১২ | | আচার্য - ডঃ মধুশ্রী ঘোষ |
| সকাল ৯-০০টা | | সঙ্গীত - "মুক্তধারা" |

আপনাদের সবান্ধব উপস্থিতি কামনা করি।

২০১২ মে মাসের সাপ্তাহিক উপাসনার আংশিক কার্যসূচী ঃ—

| | | | | |
|---|---|---|---|---|
| রবিবার ৬ই মে ২০১২ | — | আচার্য | - | শ্রীমতী সুনন্দিতা সেনগুপ্ত |
| সন্ধ্যা ৬-৩০ টা | | স্মরণ | - | লেঃ কঃ ডাঃ মনীন্দ্রনাথ দাস |
| | | সঙ্গীত | - | শ্রীমতী মানসী চ্যাটার্জী |
| রবিবার ১৩ই মে ২০১২ | — | আচার্য | - | শ্রীসঞ্জীব মুখার্জি |
| সন্ধ্যা ৬-৩০ টা | | সঙ্গীত | - | ব্রাহ্ম যুব ও ভক্তজন ও সমবেত ভক্তমণ্ডলী |

আপনাদের সাদর আমন্ত্রণ জানাই।

—।। শোকসংবাদ ।।—

বিগত ৯ই ফেব্রুয়ারী ২০১২ প্রয়াত নগেন্দ্রনাথ নন্দী ও প্রয়াতা সুপ্রভা নন্দীর পুত্র, শ্রীমতী তৃপ্তি নন্দীর স্বামী এবং শ্রীমতী সেবতী দাস ও শ্রীজয়দীপ নন্দীর পিতা **শ্রীজ্যোতির্ময় নন্দী** ৯২ বছর বয়সে কল্যানীতে পরলোকগমন করেছেন। বিশ্বভারতীর পাঠভবনে বিজ্ঞান শিক্ষা বিভাগে তিনি বিজ্ঞানের প্রথম শিক্ষক ছিলেন এবং রবীন্দ্রনাথের প্রত্যক্ষ স্নেহে বিজ্ঞান শিক্ষার পাঠ্যপুস্তক নির্বাচনে সবিশেষ উৎসাহ নিয়েছিলেন।

বিগত ২০শে ফেব্রুয়ারী ২০১২ প্রয়াত প্রফুল্ল কুমার সেন ও প্রয়াতা বিমলা সেনের কন্যা, প্রয়াত সুমন্ত্র সেনগুপ্তের পত্নী এবং শ্রীসুদীপ সেনগুপ্ত ও শ্রীমতী সুলগ্না সেনগুপ্তের মাতা **শ্রীমতী রত্না সেনগুপ্ত** ৭৫ বছর বয়সে কলকাতায় পরলোকগমন করেছেন।

বিগত ১২ই মার্চ ২০১২ প্রয়াত পূর্ণানন্দ রায় ও প্রয়াতা উমারাণী রায়ের পুত্র, প্রয়াতা রমা রায়ের স্বামী এবং শ্রীমতী রমলা ভট্টাচার্য্য ও শ্রীমতী শর্মিলা নিয়োগীর পিতা **শ্রীনয়নানন্দ রায়** ৮৪ বছর বয়সে কলকাতায় পরলোকগমন করেছেন।

বিগত ১লা মার্চ ২০১২ প্রয়াত ডঃ ফণীভূষণ মজুমদারের ও প্রয়াতা স্নেহময়ী মজুমদারের কন্যা, শ্রীদেবপ্রসাদ দাসের পত্নী এবং শ্রীমতী দীপ্তিমা ঘটকের মাতা **শ্রীমতী সুনীতা দাস** ৮১ বছর বয়সে কলকাতায় পরলোকগমন করেছেন।

—ঃ পারিবারিক / অন্যান্য অনুষ্ঠান ঃ—

**শ্রাদ্ধানুষ্ঠান ঃ**

বিগত ৪ঠা মার্চ রবিবার ২০১২ সকাল ১০-৩০ টায় ব্রাহ্ম সম্মিলন সমাজ মন্দিরে প্রয়াতা রত্না সেনগুপ্তের আদ্যশ্রাদ্ধানুষ্ঠানে আচার্যের কাজ পালন করেন শ্রীপ্রণব রায়। সঙ্গীত পরিবেশন করেন সর্বশ্রী/শ্রীমতী অনুরাধা বোস, সুনন্দিতা সেনগুপ্ত, সুলতা সেনগুপ্ত, সুমঞ্জরী সেনগুপ্ত, গৌতম সেনগুপ্ত, অরীন্দ্রজিৎ সাহা ও দেবাশীষ বসু। শ্রদ্ধাঞ্জলি নিবেদন করেন শ্রীমতী সুমঞ্জরী সেনগুপ্ত (নাতনী) এবং কন্যা শ্রীমতী সুলগ্না মজুমদার লিখিত শ্রদ্ধাঞ্জলি পাঠ করেন শ্রীমতী পাঞ্চালী রক্ষিত (রিন্টু)।

বিগত ১১ই মার্চ রবিবার ২০১২ সকাল ১০টায় ব্রাহ্ম সম্মিলন সমাজ মন্দিরে প্রয়াতা সুনীতা দাসের আদ্যশ্রাদ্ধানুষ্ঠানে আচার্যের কাজ পালন করেন ডাঃ শুচিতা দেব। সঙ্গীত পরিবেশন করেন সর্বশ্রী/শ্রীমতী শুক্লা দাসগুপ্ত, মানসী চ্যাটার্জী, অনন্যা চ্যাটার্জী, অভিজিৎ দেব, দেবাশীষ বসু, সুপ্রতীক ঘটক। শ্রদ্ধাঞ্জলি নিবেদন জ্ঞাপন করেন শ্রীমতী দীপ্তিমা ঘটক (কন্যা), শ্রীমতী দয়িতা ঘটক (দৌহিত্রী ), শ্রীমতী সুজাতা ব্যানার্জি (ভাসুরকন্যা), শ্রীমতী মমতা দাস (ননদ) ও শ্রীমতী শিপ্রা চ্যাটার্জি (মামাতো বোন)।

বিগত ১৭ই মার্চ শনিবার ২০১২ সন্ধ্যা ৬-৩০ টায় প্রয়াত নয়নানন্দ দাসের আদ্যশ্রাদ্ধানুষ্ঠানে আচার্যের কাজ পালন করেন শ্রীতপোব্রত ব্রহ্মচারী। সঙ্গীত পরিবেশন করেন সর্বশ্রী/শ্রীমতী রীণা বিশ্বাস, প্রবুদ্ধ রাহা, শৌনক চট্টোপাধ্যায়, সৌম্যা পাল ব্যানার্জী, অরুন্ধতী। শ্রদ্ধাঞ্জলি নিবেদন করেন শ্রীমতী শর্মিলা নিয়োগী (কন্যা), শ্রীমতী রমলা ভট্টাচার্য (কন্যা), শ্রীমতী শান্তশ্রী রায় (বৌদি), শ্রীমতী তারা নিয়োগী (নাতনী), শ্রীসৌমিত্র রায় (ভাইপো), শ্রীদেবাশীষ নিয়োগী (জামাতা) ও শ্রীকুণাল ব্যানার্জী (নাতি)।

**সাপ্তাহিক উপাসনা ও স্মরণ ঃ**

বিগত মার্চ মাসের সাপ্তাহিক উপাসনার কার্যসূচী অনুযায়ী আচার্য অনিমেষ দাসগুপ্ত ও সোফিয়া ডবসন কলেটের স্মরণে শ্রদ্ধাঞ্জলি নিবেদন করা হয়। শ্রীঅনিরুদ্ধ রক্ষিত (প্রথম ও চতুর্থ রবিবার), ডঃ অমিতাভ খাস্তগীর (দ্বিতীয় রবিবার) ও শ্রীসঞ্জীব মুখার্জি (তৃতীয় রবিবার) আচার্যের দায়িত্ব পালন করেন। সঙ্গীত পরিবেশন করেন প্রথম রবিবার শ্রীমতী মানসী চ্যাটার্জী, দ্বিতীয় রবিবার শ্রীমতী অনন্যা চ্যাটার্জী, শ্রীমতী লক্ষ্মী খাস্তগীর ও শ্রীসুমন মজুমদার, তৃতীয় রবিবার সর্বশ্রী/শ্রীমতী শর্মিলা দে, বিজয়লক্ষ্মী দাস, অনুলেখা ব্যানার্জী, কস্তুরী চক্রবর্তী, শ্রীচন্দ্রা ব্যানার্জী, মৃদুলা ব্যানার্জী, মধুশ্রী ব্যানার্জী, খুকু রায়, অনুরমা ভট্টাচার্য, লক্ষ্মী খাস্তগীর, উদিতা রায়, শ্যামলী সেনগুপ্ত, সুহিতা ভট্টাচার্য, অনিন্দিতা সেনগুপ্ত, সুস্মিতা নাথ, অঞ্জনা গুহ, মলয় দাস, উজ্জ্বল ব্যানার্জী, মন্দার সেনগুপ্ত, শঙ্কর প্রসাদ মিত্র, সৌমেন্দু রায় চৌধুরী, অভীক ঘোষ; চতুর্থ রবিবার শ্রীমতী রেবেকা রক্ষিত ও শ্রীকৌশিক দে।

**ভ্রম সংশোধন**

বিগত মার্চ ২০১১ ব্রাহ্ম সম্মিলন বার্তায় শোক সংবাদ বিভাগে প্রয়াতা মীনা জানার কন্যা শ্রীমতী অনুরাধা সামন্তের নাম উল্লেখ করা হয়নি এবং প্রয়াতা মীনা জানার আদ্যশ্রাদ্ধানুষ্ঠানে সঙ্গীতে অংশগ্রহণকারী শ্রীপ্রবীর কুমার সামন্তর নাম প্রবীর কুমার বসু ছাপা হয়েছে। এই ভ্রমের জন্য আমরা দুঃখিত।

বিগত মার্চ ২০১১ ব্রাহ্ম সম্মিলন বার্তায় কৃতজ্ঞতা স্বীকার বিভাগে দাতব্য হোমিও চিকিৎসালয় ফণ্ডে ডঃ সুপ্রতীক সেনগুপ্ত কর্তৃক প্রদত্ত ২০০০ টাকা ভ্রমক্রমে ২০০ টাকা ছাপা হয়েছে। এই ভ্রমের জন্য আমরা দুঃখিত।

---

## —ঃ কৃতজ্ঞতা স্বীকার ঃ—

**সাধারণ ফণ্ড ঃ** শ্রীমতী সোনালী সরকার — ২০০০ টাকা (র/নং ২৭২৬); সাধারণ ব্রাহ্ম সমাজ — ৪০০০ টাকা (র/নং ২৭২৮); শ্রীমতী তৃপ্তি নন্দী (প্রয়াত জ্যোতির্ময় নন্দীর স্মৃতির উদ্দেশ্যে) — ১০০০ টাকা (র/নং ২৭৩৩); শ্রীমতী দীপ্তিমা ঘটক (প্রয়াতা মাতা সুনীতা দাসের স্মৃতির উদ্দেশ্যে) — ৫০০ টাকা (র/নং ২৭৩৪); শ্রীমতী দয়িতা ঘটক (প্রয়াতা মাতামহী সুনীতা দাসের স্মৃতির উদ্দেশ্যে) — ৫০০ টাকা (র/নং ২৭৩৫); ডাঃ অরুণ কুমার দাস — ২০,০০০ টাকা (র/নং ২৭৩৬)

**ওয়েলফেয়ার ফণ্ড ঃ** শ্রীমতী অঞ্জলি সেন (প্রয়াত রত্না সেনগুপ্তর আদ্যশ্রাদ্ধ উপলক্ষে) — ১৫০ টাকা (র/নং ২৭২৫); শ্রীমতী দীপ্তিমা ঘটক (প্রয়াতা মাতা সুনীতা দাসের আদ্যশ্রাদ্ধ উপলক্ষে) — ১৫০ টাকা (র/নং ২৭২৭); শ্রীপ্রসূন গাঙ্গুলী (শ্রীমতী রমলা ভট্টাচার্যের পক্ষ হইতে প্রয়াতা নয়নানন্দ দাসের আদ্যশ্রাদ্ধ উপলক্ষে) — ১৫০ টাকা (র/নং ২৭৩২)

**১৮২ তম মাঘোৎসব স্মারকগ্রন্থ বিজ্ঞাপন ঃ** Allahabad Bank Publicity Department (Back Cover) Rs. 6000/- (R/No. 2730) ।

**৪০ তম আনন্দমেলা ফণ্ড ঃ** শ্রীমতী রীতা বিশ্বাস ও শ্রীমতী শ্রীলতা গুপ্ত (লাকি ডিপ স্টল) — ১৭৭০ টাকা (র/নং ২৭৩১)

**দাতব্য হোমিও চিকিৎসালয় ফণ্ড ঃ** শ্রীসুরজিৎ দেব — ১০০ টাকা (র/নং ২১১); শ্রীদেবপ্রসাদ দাস (প্রয়াতা পত্নী সুনীতা দাসের স্মৃতির উদ্দেশ্যে) — ১০০০ টাকা (র/নং ২১২)।

**ট্রাষ্ট ফণ্ডে সংযোজন ঃ লেঃ কঃ মনীন্দ্রনাথ দাস - লাবণ্যপ্রভা দাস ট্রাষ্ট ফণ্ড ঃ** ডাঃ অরুণ কুমার দাস — ৫০০০ টাকা (র/নং ২৭৩৭)।

এই সকল সহৃদয় দান ও সাহায্যের জন্য সকল দাতাদের আন্তরিক ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানাই। করুণাময় ঈশ্বর এঁদের সকলের মঙ্গল বিধান করুন এবং এই সকল দান সার্থক হোক।

## Annual Utsav of Ranchi Brahmo Samaj

Ranchi Brahmo Samaj was founded in 1868 and is one of several such Samajes in the Chhotonagpur region.

The Annual Utsav of Ranchi Brahmo Samaj was held at the Samaj hall on the 26th of February 2012. The devotional service was presided over by Shri Baidurjya Sen Gupta. Shri Subir Lahiri and others sang hymns. About forty persons attended the service.

The Utsav closed with Shantibachan in the late afternoon.

From Sri Baidurjya Sengupta
Secretary - Ranchi Brahmo Samaj

### FOLLOWING IS A COMPREHENSIVE LIST FOR DONATIONS IN DIFFERENT FUNDS OF BRAHMO SAMMILAN SAMAJ

| Name of the Funds | Cheques to be drawn in the name of |
|---|---|
| 1. Bhowanipur Charitable Homoepathic Hospital | Bhowanipur Charitable Homoepathic Hospital Fund |
| 2. Brahmo Sammilan Samaj School | Brahmo Sammilan Samaj School Fund |
| 3. Brahmo Sammilan Samaj Memorial Building | Brahmo Sammilan Samaj Memorial Building Fund |
| 4 Members' Own Subscription (for life time Subscription) | Brahmo Sammilan Samaj MOS FUND |
| 5. New Trust Fund | Brahmo Sammilan Samaj |
| 6. General | |
| a) Donation other than the above purposes | Brahmo Sammilan Samaj |
| b) For Additions to Existing Trust Funds | Brahmo Sammilan Samaj |
| c) Members' Annual Subscription | Brahmo Sammilan Samaj |

Trust Funds are generally created for the following purposes :

Bhowanipur Charitable Homoeopathic Hospital
Benefit of Samaj & Public
Brahmo Sammilan Samaj Memorial Building Repair and Maintenance
Brahmo Conference
Community Development Centre and Night School
Deserving Cause at the Discretion of GB
Maghotsav Corpus Fund, Nabanna Utsav, Balok Ballika Sammelan, etc.
Education of Indigent Brahmo Students
Education of Indigent Students
Indigent Persons / Children
Indigent Brahmo Family
Medical Treatment of Indigent Persons
Training, Educatioin & Welfare of Acharyas

Brahmo Sammilan Samaj plans to bring out a Member's Directory later this year, While going through Member records, we find a lot of gaps in information : in several instances members have shifted residence or have new telephone numbers but have not notified us. In our endeavour to update the information, we request you to kindly fill in the form below and return it to us at the earliest by hand/post or through email to sammilanbarta@gmail.com

| | |
|---|---|
| TITLE (Strike out as applicable) : | MR. / MRS / MISS / MS / PROF / DR. |
| First Name : | |
| Last name : | |
| Age (in years ) : | DATE OF BIRTH (DD/MM/YYY) |

| | |
|---|---|
| FATHER'S NAME | |
| MOTHER'S NAME | |
| SPOUSE' NAME | |
| CHILDREN NAMES : | DATE OF BIRTH |
| | DATE OF BIRTH |
| | DATE OF BIRTH |

| |
|---|
| PERMANENT ADDRESS : |
| |
| |
| MAILING ADDRESS (fill in if different from above ) : |
| |
| |
| TELEPHONE : RESIDENCE - |
| MOBILE - |
| EMAIL ID : |

Brahmo Sammilan Barta will be available on Samaj Website.

Look out for Samaj site : www.thebrahmosamaj.org/samajes/sammilan.html

লেখক-লেখিকার নিজস্ব মতামতের জন্য সমাজ ও সম্পাদক-মণ্ডলী কোনক্রমে দায়ী নহেন।

Printed and Published by Sri Prabir Ranjan Das Gupta on behalf of Brahmo Sammilan Samaj, Published from 1A, Dr Rajendra Road, Kolkata-700 020 and Printed at Bhowanipur Art Press, 80, Ashutosh Mukherjee Road, Kolkata-700 025. Editor : Dr. Madhusree Ghosh.